যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২
JASHORE PALLI BIDYUT SAMITY-2

ISO 9001:2015 Certified

প্রধান কার্যালয়
মনিরামপুর, যশোর।

E-mail: jessorepbs2@gmail.com, Web: pbs2.jessore.gov.bd টেলিফোন: অফিস: ০২৪৭৭৭৬৪৯০৬

স্মারক নং- ২৭.১২.৪১৬১.৫১১.০০০.০২.০০৮.২৬. ৪২১৪ তারিখঃ ২৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ।
০৮ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ।

"রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি"

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নওয়াপাড়া, নড়াইল, কেশবপুর, কালিয়া ও লক্ষীপাশা জোনাল অফিসের জন্য রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের লক্ষ্যে নিম্ন-বর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২) প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।

৩) রিটেইনার ডাক্তার পদে ০৩ (তিন) বৎসরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে।

৪) বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সর্বোচ্চ ৮,০০০.০০ (আট হাজার) টাকা মাসিক রিটেইনার ফি প্রদান করা যেতে পারে।

৫) একজন রিটেইনার ডাক্তার অত্র পবিসের একাধিক অফিসে অথবা অন্য পল্লী বিদুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসাবে নিয়োজিত থাকতে পারবেন না।

৬) চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।

৭) সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত হয়ে কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবার পরিজন এবং পোষ্যদের প্রয়োজন মতে স্বাস্থ্য বিষয়ক পরামর্শ প্রদান করতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮) ব্যক্তিগত চেম্বারে সমিতির যে কোন কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবার পরিজন এবং পোষ্যদের উল্লেখিত ০২ (দুই) দিন ব্যতীত সপ্তাহে অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এজন্য কোন পৃথক ভিজিট বা ফি দেওয়া হবে না।

৯) দূর্ঘটনা বা যে কোন প্রয়োজনে সমিতির ভৌগলিক এলাকাস্থ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হতে পারে।

১০) উক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) নিজের নাম (স্পষ্টাক্ষরে), পিতার ও মাতার নাম, (খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত কপি, (ঙ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপিসমূহ অবশ্যই গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং আগামী ৩০/১১/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী দপ্তরে পৌছাতে হবে।

১১) নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

Hzmem
০৮/১১/২৬
(মোঃ হাদিউজ্জামান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১) নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩) জেলা প্রশাসক/ পুলিশ সুপার, যশোর।
০৪) সিভিল সার্জন, যশোর ।
০৫) সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার .....পবিস-১/২/৩/৪।
০৬) উপজেলা নির্বাহী অফিসার, মনিরামপুর/কেশবপুর/অভয়নগর/নড়াইল/লোহাগড়া/কালিয়া।
০৭) উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা, মনিরামপুর/কেশবপুর/অভয়নগর/নড়াইল/লোহাগড়া/কালিয়া।
০৮) ডিজিএম, নওয়াপাড়া/নড়াইল/কেশবপুর/লক্ষীপাশা/কালিয়া/কারিগরী, যশোর পবিস-২।
০৯) এজিএম (ওএন্ডএম), রাজগঞ্জ/সাগরদাড়ী/সিংগাড়ী সাব-জোনাল অফিস, যশোর পবিস-২।
১০) এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ/এম,এস/আইটি), যশোর পবিস-২।
১১) নোটিশ বোর্ড, যশোর পবিস-২।

জেনারেল ম্যানেজার